DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 01:30 PM

সারাদেশ

# খাগড়াছড়িতে বজ্রপাতে প্রাণ গেল স্বামী-স্ত্রীর

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

খাগড়াছড়ি সদর উপজেলার নুনছড়ির থলিপাড়া পুনর্বাসন এলাকায় বজ্রপাতে এক দম্পতির মৃত্যু হয়েছে। নিহত ব্যক্তিরা হলেন উচিমং মারমা (৫৫) ও তার স্ত্রী চাইঞ্রাও মারমা (৪৫)।

শনিবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে এ দুর্ঘটনা ঘটে। গ্রাম কার্বারী কান্তা ত্রিপুরা নিহত দম্পতির বড় ছেলের বরাতে মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

নিহত দম্পতির বড় ছেলে আখং মারমা জানান, সন্ধ্যায় মুষলধারে বৃষ্টির সময় তার বাবা ঘরের সামনের উঠানে গোসল করছিলেন এবং মা ঘরের দরজায় দাঁড়িয়ে ছিলেন। এ সময় হঠাৎ বিকট শব্দে বজ্রপাত হলে ঘটনাস্থলেই তাদের মৃত্যু হয়। বজ্রপাতের ফলে তাদের ঘরের সোলার প্যানেলসহ অন্যান্য জিনিসপত্র ক্ষতিগ্রস্ত হয়েছে।

খাগড়াছড়ির গোলাবাড়ি ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান জ্ঞান দত্ত ত্রিপুরা ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, দাহক্রিয়া সম্পন্ন করার উদ্দেশ্যে সহায়তার জন্য বিষয়টি উপজেলা প্রশাসন ও স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে (পিআইও) জানানো হয়েছে।

---

## এ বিভাগের আরও খবর




**ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত**

ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...



**আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল**

জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...



**তিতাস নদীর তীরে গ্রাম-বাংলার ঐতিহ্যবাহী নৌকা বাইচ উপভোগে অর্ধ লক্ষাধিক মানুষ**

ভাদ্রের তপ্ত রোদ উপেক্ষা করে ব্রাহ্মণবাড়িয়ার তিতাস নদীর দুই তীরে জড়ো হন অর্ধ লক্ষাধিক মানুষ। তাঁদের করতালি ও উচ্ছ্বাসে মুখর হয়ে ওঠে নদীর পাড়...




**বাংলাদেশ ইনোভেশন ফেয়ারে বেরোবির চার উদ্ভাবনী গবেষণা প্রকল্প**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত জাতীয় পর্যায়ের □বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬□-এ অংশ নিয়েছে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর (...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/khagdachhdite-bjrpate-pran-gel-sbami-strir